গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(সংস্থাপন শাখা)
www.moulvibazar.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৬.৫৮০০.০০৬.১৪.০০১.১৯. ৭০৩

তারিখ : ০৯ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ / ২৪ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ ।

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল পুরস্কার প্রদানের নিমিত্ত জেলা বাছাই কমিটি'র সভা আহবান।

নাগরিকদের জন্য সুশাসন প্রতিষ্ঠা করা যার মাধ্যমে আইনের শাসন, সমতা ও ন্যায় বিচার নিশ্চিতকরণ; সমাজ ও রাষ্ট্রকে দুর্নীতিমুক্ত রাখা এবং জাতীয় জীবনের সর্বক্ষেত্রে শুদ্ধাচার কৌশলের চর্চা ও বাস্তবায়ন এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের নিমিত্ত পুরস্কার প্রদানের লক্ষ্যে জেলা বাছাই কমিটি'র এক সভা **আগামী ২৫.১১.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায়** জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকল সদস্যকে আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলো।

M. Rafiqul 24.11.19


(মোঃ রফিকুল ইসলাম)
সহকারী কমিশনার
সংস্থাপন শাখা
জেলা প্রশাসকের কার্যালয়
মৌলভীবাজার
ফোন : ০৮৬১-৫৩০১৫


১. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
২. অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), মৌলভীবাজার।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার।
৪. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।

অনুলিপি :

১। নেজারত ডেপুটি কালেক্টর, মৌলভীবাজার। (সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
২। সহকারী কমিশনার(গোপনীয়), মৌলভীবাজার। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
সংস্থাপন শাখা
www.moulvibazar.gov.bd

**জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত জেলা বাছাই কমিটি'র সভার কার্যবিবরণী :**

সভাপতি : নাজিয়া শিরিন
জেলা প্রশাসক
মৌলভীবাজার
তারিখ : নভেম্বর ২৫, ২০১৯ খ্রিস্টাব্দ
সময় : সকাল ৩.৩০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি: **পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার প্রারম্ভে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা' করা। সে লক্ষ্যে সরকার ২০১২ সালে 'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy-NIS) প্রণয়ন করেছেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, সচেতনতা বৃদ্ধি, শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান, ই-গভর্নেন্স ও সেবার মান উন্নীতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহি, জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ এর উপর তিনি গুরুত্বারোপ করেন।

উক্ত সভায় সরকার কর্তৃক জারীকৃত জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৭ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.০৩.২০১৮ খ্রিস্টাব্দ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩ নম্বর স্মারক পত্র সভায় উপস্থাপন করা হয়। জেলা ও উপজেলা কার্যালয়ের কর্মচারীদের মধ্য হতে গ্রেড ৪ হতে গ্রেড-১০ ভূক্ত ২ জন কর্মচারীকে এবং গ্রেড ১১ হতে গ্রেড ২০ ভূক্ত ১ জন কর্মচারীকে পুরস্কার প্রদানের নিমিত্ত গঠিত বাছাই কমিটির সদস্যগণ কর্তৃক শুদ্ধাচার পুরস্কারের নিমিত্ত নিম্নবর্ণিত সুপারিশ করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত ০৩ (তিন) জন কর্মচারীকে উল্লিখিত নীতিমালা অনুসারে ২০১৯-২০২০ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নির্বাচন করা হয়:

| ক্রমিক নম্বর | মনোনীত কর্মকর্তার নাম | পদবি | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ শামীম আল ইমরান | উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, মৌলভীবাজার। | |
| ২. | জনাব মোঃ নেছার উদ্দিন | সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। | |
| ৩. | জনাব অনিল কুমার সিংহ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। | |

**সিদ্ধান্ত:** বর্ণিত ০৩ (তিন) জন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/১২/১৯

(নাজিয়া শিরিন)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ও সভাপতি
জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত
জেলা বাছাই কমিটি, মৌলভীবাজার।
dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০০৬.৯৯.০০৯.১৯. ৭৬৮

তারিখ : ০৪ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ / ১৭ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫. মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কাওরান বাজার (টিসিবি ভবন, ৮ম তলা), ঢাকা।
৬. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৭. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৮. উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
৯. সিভিল সার্জন, মৌলভীবাজার।
১০. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
১১. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা/কমলগঞ্জ/শ্রীমঙ্গল।
১২. জনাব.......................................................................................................।

১৭/১২/১৯

(মল্লিকা দে)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
সদস্য সচিব
জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত
জেলা বাছাই কমিটি, মৌলভীবাজার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
সংস্থাপন শাখা
www.moulvibazar.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০০৬.১৪.০০১.১৯. ৭৩৭

তারিখঃ ০৪ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের নিমিত্ত পুরস্কার প্রদানের লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থ বছরে পুরস্কার খাতে বরাদ্দ প্রদান।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখার ১৩.০৩.২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের নিমিত্ত পুরস্কার প্রদানের লক্ষ্যে "জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭" জারী করা হয়। জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭ এর ৭নং নীতি এবং সূত্রোক্ত স্মারক অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য কার্যালয়ের আওতাধীন উপজেলা কার্যালয়ের প্রধানদের (প্রযোজ্য ক্ষেত্র) মধ্যে একজনকে এবং জেলা ও উপজেলা কার্যালয়ের কর্মচারীদের মধ্য হতে দুইজনকে (গ্রেড-৪ হতে গ্রেড-১০ ভূক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভূক্ত একজন কর্মচারী) পুরস্কারের জন্য মনোনীত করে পুরস্কার হিসেবে একটি 'সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করার বিধান রয়েছে।

২। এমতাবস্থায়, অত্র জেলায় কর্মরত উপজেলা কার্যালয়ের প্রধানদের মধ্যে একজনকে এবং জেলা ও উপজেলা কার্যালয়ে কর্মরত কর্মচারীদের মধ্য হতে দুইজনকে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে পুরস্কার খাতে ৮৮,২৬০/ (আটাশিহাজার দুইশত ষাট) টাকা [বাজেট বিভাজন সংযুক্ত] বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বাজেট বিভাজন- ০১(এক) পাতা।

(নাজিয়া শিরিন)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ফোনঃ ০৮৬১-৬৩২০২
dcmoulvibazar@mopa.gov.bd

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব (বাজেট)

অনুলিপিঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

৫৮

## বাজেট বিভাজন

| নাম | পদবী | মূল বেতন |
|---|---|---|
| জনাব মোঃ শামীম আল ইমরান | উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, মৌলভীবাজার | ৪১,১১০/- |
| জনাব মোঃ নেছার উদ্দিন | সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার | ২৫,৪৮০/- |
| জনাব অনিল কুমার সিংহ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার | ১৬,৬৭০/- |
| বিবিধ (সনদ/ক্রেস্ট প্রস্তুত ইত্যাদি) | | ৫,০০০/- |
| সর্বমোট | | ৮৮,২৬০/- |

কথায়- আটাশিহাজার দুইশত ষাট টাকা মাত্র

২৭/১২/২২

(নাজিয়া শিরিন)
জেলা প্রশাসক
মৌলভীবাজার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
www.mopa.gov.bd

১৯ মাঘ ১৪২৬
তারিখ: ---------------------
০২ ফেব্রুয়ারি ২০২০

নং-০৫.০০.০০০০.১১৫.২০.০৬৬.১৬.৯৩৬

প্রাপক: (১) জেলা প্রশাসক, মৌলভীবাজার।
(২) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মৌলভীবাজার।

বিষয়: **চলতি ২০১৯-২০ অর্থবছরে ১০৭০৩০২-জেলা প্রশাসকের কার্যালয়ের জন্য ৩২১১১০১-পুরস্কার উপখাতে বরাদ্দ মঞ্জুরি।**

সূত্র: মৌলভীবাজার জেলা প্রশাসকের কার্যালয়ের পত্র নং-৭৩৯ তারিখ : ১৯.১২.২০১৯।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশিত হয়ে নিম্নবর্ণিত উপখাতে ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দ ও ব্যয়ের মঞ্জুরি জ্ঞাপন করছি:

| | |
|---|---|
| ১০৭০৩০২০০০০০০-জেলা প্রশাসকের কার্যালয় | কিস্তি-০৪ |
| ১০৭০৩০২১০০৭৯১-জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।<br>৩২১১১০১-পুরস্কার (শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যয় নির্বাহের জন্য) | ৮৮,২৬০/- |
| **৮৮,২৬০/-**<br>**(টাকা-আটাশি হাজার দুইশত ষাট মাত্র)** | |

২। এ অর্থ ব্যয়ে সংশ্লিষ্ট আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে। প্রদত্ত বরাদ্দের বিষয়ে জিজ্ঞাস্য থাকলে কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

০২/২/২০২০

(আলাউদ্দিন আলী)
উপসচিব
ফোন: ৯৫৪৫৯৫৩
ই-মেইল: adminbudg@mopa.gov.bd

১৯ মাঘ ১৪২৬
তারিখ: ---------------------
০২ ফেব্রুয়ারি ২০২০

নং-০৫.০০.০০০০.১১৫.২০.০৬৬.১৬.৯৩৬(১/২)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:
১। বিভাগীয় কমিশনার, সিলেট।
২। অফিস কপি।

(আলাউদ্দিন আলী)
উপসচিব

সংস্থাপন শাখা
ডকেট নং............তাং............
নথি নং..............................
উচ্চমান সহকারী/
প্রঃ কঃ / ভারপ্রাপ্ত কর্মকর্তা

৭২/ ২৬৮৬ তাং ২০/২/২০২০
২০/০২/২০২০
২১/২/২০